গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
নগরকান্দা, ফরিদপুর।

উপজেলা পরিষদ, নগরকান্দা, ফরিদপুর এর মে/২০২২ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মনিরুজ্জামান সরদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নগরকান্দা, ফরিদপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, নগরকান্দা, ফরিদপুর।
সভার তারিখ ও সময় : ৩০/০৫/২০২২ খ্রি. সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবি (স্বাক্ষরের ক্রমানুসারে রেজিস্টারে সংরক্ষিত)।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভা পরিচালনা করার জন্য জনাব এন. এম. আবদুল্লাহ-আল-মামুন, উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুরকে অনুরোধ করা হয়। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার জনাব এন. এম. আবদুল্লাহ-আল-মামুন, সম্মানিত সদস্য ও দপ্তর প্রধানগণকে শুভেচ্ছা জানিয়ে সভাটি পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নগরকান্দা। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাদের অফিসের মাধ্যমে ৩৯ টি সিডার বিতরণ করা হয়েছে। দেশে খাদ্য উৎপাদনের লক্ষ্যে উচ্চ ফলনশীল ব্রি ধান ৪৮ ১০০ জন কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং পাট বীজ বিতরণ করা হয়েছে। | কৃষকদের মাঝে যথাসময়ে বীজ সরবরাহ করার অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নগরকান্দা। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জনান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলমান আছে। আসন্ন কোরবানী উপলক্ষ্যে গাবাদি প্রাণি হৃষ্টপুষ্ট খামারীদের সাথে উঠান বৈঠক, প্রশিক্ষণ কার্যক্রম ও বাজার মনিটরিং কার্যক্রম চলমান আছে। | তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নগরকান্দা। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মৎস্য অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, নগরকান্দা |
| ০৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ : উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, প্রকৌশলী আরও জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনটি ১৯৬৯-৭০ সালের দিকে সিও আমলের একটি পুরাতন জরাজীর্ণ ভবন। ভবনটি দীর্ঘ দিনের পুরাতন হওয়ায় ভবনের ছাদের প্লাস্টার ও দেওয়ালের প্লাস্টারসমূহ খসে পড়ছে। তাছাড়া ভবনটির দরজা, জানালা ও রুমের ছাদের উচ্চতা এতই কম ছাদের ফ্যানের নিচে দাড়ালে যে কোন মানুষ আহত হবে এবং দরজা ছোট হওয়ার কোন বড় ধরনের মালামাল রুমের মধ্যে প্রবেশ করা যায় না। এমতাবস্থায়, ভবনটি ব্যবহারের অনুপযোগী হওয়ায় ভবনটি পরিত্যক্ত ঘোষণা এবং কনডেম ঘোষণা করে জেলা কনডেমেশন কমিটির নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করেন। উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে কাইচাইল ইউনিয়নের ঝাটুরদিয়া হাটে দ্বিতল বিশিষ্ট ভবন নির্মাণের কার্যাদেশ প্রদান করা হয়। হার্টের প্রস্তাবিত স্থানে জমি সংক্রান্ত জটিলতা থাকার কারণে কাজটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তথ্যপ্রেক্ষিতে একই ইউনিয়নের পোড়াদিয়া হাটে ১টি মার্কেট ভবন বাস্তবায়ন করার জন্য মাননীয় সংসদ উপনেতা সৈয়দা সাজেদা | আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনটি কনডেম ঘোষণা করার জন্য প্রাক্কলন প্রস্তুত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ঝাটুরদিয়া হার্টের প্রস্তাবিত স্থানে দ্বিতল বিশিষ্ট মার্কেট ভবন জমি সংক্রান্ত জটিলতা রয়েছে যার বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তাই যথা নিয়ম অনুসরণ করে ঝাটুরদিয়া হাটের পরিবর্তে পোড়াদিয়া হাটে ১টি মার্কেট এবং তালমা হাটে ১টি মার্কেট ভবন নির্মাণ কাজ বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | চৌধুরী মহোদয় কর্তৃক ডিও লেটার প্রধান প্রকৌশলী বরাবর প্রদান করেছেন। তাছাড়াও তালমা ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, তালমা ইউনিয়নে তালমা হাটটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হাট। সে লক্ষ্যে ১টি বহুতল বিশিষ্ট মার্কেট ভবন নির্মাণ করা প্রয়োজন। হাটে মার্কেট করার মত পর্যপ্ত জায়গা রয়েছে এবং জায়গা সংক্রান্ত কোন জটিলতা নাই। | | |
| ০৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তার কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। গৃহহীণদের জন্য দুর্যোগ সহনীয় ঘর এর কাজ চলমান আছে। | দূর্যোগ সহনীয় ঘর এর কাজ যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর। |
| ০৭ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নগরকান্দা সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলমান আছে। | তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, নগরকান্দা। |
| ০৮ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলমান আছে। | ভিজিডি কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নগরকান্দা। |
| ০৯ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দর ভাবেই চলছে। আগামী ৬ জুন ২০২২ তারিখ হতে জেলা কার্যালয়ে ১৫ দিনের মাশরুম চাষের প্রশিক্ষণ শুরু হবে। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। ঢাক বিভাগে নগরকান্দা উপজেলার যুব কার্যক্রম ২য় স্থান অধিকার করায় তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। | তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নগরকান্দা। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি সভায় জানান যে, তার দপ্তরের জন্য আইসিটি ট্রেনিং এবং রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) এর আওতায় একটি ভবন নির্মিত হবে। উপজেলা পরিষদের মধ্যে নির্ধারিত জায়গায় কয়েকটি মরা ও ঝুকিপূর্ণ গাছ কর্তন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ভবন নির্মাণের স্থানে থাকা মরা ও ঝুকিপূর্ণ গাছ কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রক্কলন প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নগরকান্দা। ২। ফরেষ্টার, উপজেলা বন বিভাগ |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কর্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | জনগণকে পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিত করার কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নগরকান্দা। |
| ১২ | উপজেলা সমাজসেবা বিভাগ: উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমাজসেবা কার্যালয় নগরকান্দার কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | যথাযথভাবে ভাতা প্রদান ও ঋণ কার্যক্রম তদারকীসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নগরকান্দা। |
| ১৩ | উপজেলা শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, আগামী ৬ ও ৭ জুন ২০২২ খ্রি. তারিখ উপজেলা পর্যায়ে আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক ফুটবল টুর্নামেন্ট আগামী ৪ জুন ২০২২ খ্রি. তারিখ হতে বিদ্যালয় পর্যায়ে অনুষ্ঠিত হবে। | সকল অনুষ্ঠান সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার, নগরকান্দা। |
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | যথাযথভাবে কার্যক্রম পরিচালনা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর। |
| ১৫ | উপজেলা সমবায় বিভাগ : উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। | যথাযথভাবে কার্যক্রম পরিচালনা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, নগরকান্দা। |
| ১৬ | উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ডাঙ্গী ইউনিয়নের গোয়াইলপোতা নামক স্থান থেকে নগরকান্দা উপজেলা প্রশাসন কর্তৃক একটি অটো বাইকসহ ২৫ কেজি পরিমানে মোট ৩০ বস্তা চাল জব্দ করা হয়। জব্দকৃত চাল নগরকান্দা খাদ্য | আটককৃত চালের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নগরকান্দা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | গুদামে ওসিএলএসডি এর হেফাজতে রাখা হয়। এ বিষয়ে পরবর্তী পদক্ষেপের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| ১৭ | উপজেলা পরিষদের ব্যয়: চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নগরকান্দা মহোদয়ের মে/২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ ৪০০০০/- টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী ভাতা বাবদ ৫৪০০০/- টাকা, আনুষাংগিক খরচ বাবদ ৪০০০/-টাকা, আপ্যায়ন খরচ বাবদ ৩০,০০০/- ও ইন্টারনেট বিল ২৫০০/- টাকা, উপজেলা পরিষদের মালীর বেতন বাবদ ১৭০৫০/- ও পরিচ্ছন্ন কর্মীর বেতন বাবদ ১৭০৫০/-টাকা। যা পরিশোধ করা প্রয়োজন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, নগরকান্দা এর মে/২০২২ মাসের সম্মানী বাবদ ৪০০০০/- টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী ভাতা বাবদ ৫৪০০০/- টাকা এবং আনুষাংগিক খরচ বাবদ ৪০০০/-টাকা, আপ্যায়ন খরচ বাবদ ৩০,০০০/- ও ইন্টারনেট বিল বাবদ ২৫০০/- টাকা মালীর বেতন বাবদ ১৭০৫০/- টাকা, পরিচ্ছন্নতাকর্মীর দৈনিক মজুরি বাবদ ১৭০৫০/- টাকা। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা এর ৩(ছ), (জ), (ঝ), (ঢ), (ত), (ধ) অনুচ্ছেদ মোতাবেক এ সকল ব্যয় পরিশোধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা। |
| ১৮ | উপজেলা বন বিভাগ: সামাজিক ও বনায়ণ ও নার্সারী কেন্দ্রর কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের বর্তমান ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ফরেস্টার, নগরকান্দা। |
| ১৯ | বিবিধ আলোচনা : উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর এর আওতায় সাপোর্ট ব্রীজ প্রকল্পের তত্ত্বাবধানে নগরকান্দা উপজেলার জয় বাংলা-চাঁদহাট সড়কে ৮০০ মিটার চেইনেজে ২০ মিটার নির্মাণাধীন ১টি ব্রীজ রয়েছে। নির্মাণ কাজটি বাস্তবায়নের স্বার্থে জরুরী ভিত্তিতে ৭ টি রেইনট্রি গাছ এবং ১ টি মরা শিশু গাছ কর্তন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>তিনি সভায় আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (জাইকা) অত্র উপজেলায় ২ টি প্রকল্পের কাজ দরপত্রের মাধ্যমে ঠিকাদার কর্তৃক সিডিউল ও স্পেসিফিকেশন মোতাবেক (১) নগরকান্দা উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয়ের (আইএনএফ-২০১৯-২০-৩০২৯৬২-০২) যার চুক্তিমূল্য ৩৫,৩৯,৯১৪/- টাকা এবং (২) নগরকান্দা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা মোকাবেলায় প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ (আইএনএফ-২০১৯-২০-৩০২৯৬২-০১) যার চুক্তিমূল্য ১২,১৯,৭৮০/- করা হয়েছে। স্ব-স্ব প্রতিষ্ঠানে গ্রহণকৃত কাগজপত্রাদিসহ প্রত্যয়নপত্র সংরক্ষিত রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে নগরকান্দা উপজেলার জয় বাংলা-চাঁদহাট সড়কে ৮০০ মিটার চেইনেজে ২০ মিটার নির্মাণাধীন ব্রীজ এর নির্মাণ কাজটি বাস্তবায়নের স্বার্থে জরুরী ভিত্তিতে ৭ টি রেইনট্রি গাছ এবং ১ টি মরা শিশু গাছ কর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ও ফরেষ্টার, বন বিভাগের মাধ্যমে ডিএফও, ফরিদপুর বরাবর প্রেরণ করা যেতে পারে এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (জাইকা) অত্র উপজেলায় ২ টি প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী<br>৩। ফরেস্টার, বন বিভাগ, নগরকান্দা |

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০৫/২২

(মোঃ মনিরুজ্জামান সরদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নগরকান্দা, ফরিদপুর।

CamScanner

স্মারক নং ০৫.৪৬৯.০০৬.০৫. ০১.০০৬.২০১৩- (৪০) তারিখ : ৩০/০৫/২০২২খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫। জেলা প্রশাসক, ফরিদপুর।
৬। একান্ত সচিব, মাননীয় সংসদ উপনেতা, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা। ইহা মাননীয় সংসদ উপনেতা মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নগরকান্দা, ফরিদপুর।
৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নগরকান্দা, ফরিদপুর।
১০। উপজেলা ------------------------------অফিসার, নগরকান্দা, ফরিদপুর।
১১। চেয়ারম্যান ----------------------- ইউপি (সকল), নগরকান্দা, ফরিদপুর।
১২। জনাব ---------------------------------- নগরকান্দা, ফরিদপুর।
১৩। অফিস কপি।

30.05.2022

(এন. এম. আবদুল্লাহ-আল-মামুন)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
নগরকান্দা, ফরিদপুর।
email: unonagarkanda@mopa.gov.bd
ফোন: ০৬৩২৭-৫৬১০৩

CamScanner